



দেবিঘারে মাদ্রাসা পরিদর্শনে গিয়ে ইউএনওসহ তিন কর্মকর্তা লাঞ্চিত

দেবিঘার (কুমিল্লা) প্রতিনিধি

বুধবার দুপুরে উপজেলার চন্দ্রনগর ইসলামীয়া দাখিল মাদ্রাসা পরিদর্শন করতে গিয়ে ইউএনও মোঃ মুজাম্মেল হক খানসহ অপর দুজন কর্মকর্তার ওপর সন্ত্রাসীরা হামলা করেছে। ওই হামলায় প্রকল্প কর্মকর্তা শফিউল আলম তালুকদার মারাত্মকভাবে আহত হয়েছেন। এ ঘটনায় তাৎক্ষণিকভাবে মাদ্রাসার অধ্যক্ষ আবু তাহেরকে সাসপেন্ড করা হয়েছে।

গতকাল বুধবার রাতে এদিল্যাত সুরাহিয়া আক্তার জাহান ঘটনায় অভিযুক্ত করে মাদ্রাসার ম্যানেজিং কমিটির সদস্য জয়নাল আবেদিন ও তার পুত্র শাহরিয়ারকে অভিযুক্ত করে দেবিঘার থানায় মামলা দায়ের করেছেন। ওই ঘটনার নেপথ্যে অধ্যক্ষের যোগসাজশ রয়েছে বলে মামলায় উল্লেখ করা হয়। পুলিশ বুধবার রাতেই আসামিদের কুমিল্লাস্থ বাসায় তল্লাশি চালিয়ে কাউকে গ্রেফতার করতে পারেনি।